

ডিএনসিসি মেয়র আনিসুল হককে কোপেনহেগেনে ফুলেল শুভেচ্ছা

প্রকাশিত: ০৬:০০ এএম, ০৬ জুন ২০১৬



আন্তর্জাতিক সিটি মেয়রদের সম্মেলন উপলক্ষে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) এর মেয়র আনিসুল হক ডেনমার্কের রাজধানী কোপেনহেগেনে পৌঁছালে বিমানবন্দরে ডেনমার্ক আওয়ামী লীগের পক্ষ থেকে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

রোববার ডেনমার্ক আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ আলী মোল্লা লিংকন ও সাধারণ সম্পাদক ড. বিদ্যুত বড়ুয়ার নেতৃত্বে মেয়র আনিসুল হককে এই ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

মেয়র আনিসুল হককে বহনকারী বিমানটি নির্ধারিত সময়ের চেয়ে কিছুটা দেরিতে পৌঁছেলেও রোববার রাত ১২টার দিকে ডেনমার্ক আওয়ামী লীগের অনেক নেতৃবৃন্দ বিমানবন্দরে উপস্থিত ছিলেন। গভীর রাতেও অনেক নেতাকর্মী অভ্যর্থনা জানাতে এসেছে দেখে আনিসুল হক সবাইকে কৃতজ্ঞতা জানান।

মেয়র আনিসুল হককে অভ্যর্থনা জানানোর সময় কোপেনহেগেন বিমানবন্দরে আরো উপস্থিত ছিলেন ডেনমার্ক আওয়ামী লীগের সহ-সভাপতি আরিফ খালেক, ইকবাল হোসেন মিঠু ও জামাল আহমেদ, যুগ্ম সাধারণ সম্পাদক সামি দাশ, সাংগঠনিক সম্পাদক মোতালেব ভূইয়া, হিল্লোল বড়ুয়া, ফাহমিদ আল মাহিদ, আব্দুল্লাহ আল জাহিদ ও ডেনমার্ক ছাত্রলীগ সভাপতি ইফতেখার সম্মাটসহ আর অনেকে।

এআরএস/পিআর